

ভবিষ্যৎ পরিকল্পনা

সমাজসেবা অধিদফতরের কেন্দ্রীয় লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজবাড়ী জেলায় কালুখালী উপজেলায় সেবাদানে শুদ্ধাচার অনুশীলন নিশ্চিতকরণ, ইনোভেশনকে উৎসাহ প্রদান এবং সেবা প্রদান পদ্ধতিকে ২০২০ সালের মধ্যে ডিজিটাইজেশন করা হবে। ২০১৯ সালের মধ্যে সমাজসেবা অধিদফতরের সকল সেবাগ্রহীতার একটি সমন্বিত ডিজিটাল তথ্য ভান্ডার তৈরি সম্পন্ন করা হবে। ২০২০ সালের মধ্যে বিভাগীয় পর্যায়ে সমাজসেবা অধিদফতরের বিভাগীয় কার্যালয় স্থাপন করা হবে এবং ২০২০ সালের মধ্যে জেলা পর্যায়ে জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ প্রকল্প গ্রহণ করা হবে। সামাজিক নিরাপত্তা কার্যক্রমের প্রভাব মূল্যায়নের মাধ্যমে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বিকাশমান কর্মপরিকল্পনা প্রণয়ন করা হবে।